

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট

সাভার, ঢাকা।

নং-বিএলআরআই/ইনোভেশন/২০১৬/ ১০৯৮

তারিখঃ ২৮/০৫/২০১৬ খ্রি.

গত ১৭/০৫/২০১৬ খ্রি. তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ১৭ মে, ২০১৬ খ্রি. তারিখ সকাল ১২:০০ ঘটিকায় সার্ক রিজিওনাল লিডিং ডায়াগনোস্টিক ল্যাবরেটরী ফর পিপিআর এর পরিচালকের দপ্তরে চীফ ইনোভেশন অফিসার জনাব ড. মোঃ রফিকুল ইসলাম এর সভাপতিত্বে পুনর্গঠিত বিএলআরআই ইনোভেশন টিমের প্রথম মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	জনাব মোঃ লুৎফুল হক, ইনোভেশন সদস্য	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. মোঃ ছাদেক আহমেদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই বিএলআরআই এর ২০১৬ সালের ইনোভেশন পরিকল্পনা এবং তদনুযায়ী চলমান ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

০১। ২০১৬ সালের ইনোভেশন পরিকল্পনার অবাস্তবায়িত বিষয়সমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ। উল্লেখ্য যে, পার্সোনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম হালনাগাদকরণ ও হেল্প ডেস্ক স্থাপন ব্যতিত সবগুলো সিদ্ধান্তই বাস্তবায়ন করা হয়েছে।

০২। খামারী প্রশিক্ষণের জন্য অনলাইনে আবেদন পদ্ধতি চালুকরণঃ- এ পদ্ধতিতে বছরের শুরুরেই প্রশিক্ষণ শাখা পরিকল্পনা অনুযায়ী সারা বছরের সবগুলো প্রশিক্ষণ মডিউলের নাম ও তারিখ উল্লেখ পূর্বক ওয়েবসাইটে আপলোড করবে এবং খামারি/ উদ্যোক্তারা তাদের দরকারী মডিউল নির্বাচন করে আবেদন করতে পারবেন। অনলাইন আবেদন ফর্মে জাতীয় পরিচয়পত্রের নম্বর, মোবাইল নম্বর, ছবি ইত্যাদি প্রদানের ব্যবস্থা রাখা হবে যাতে একজন খামারী অপ্রয়োজনে একই মডিউলে একাধিকবার প্রশিক্ষণের সুযোগ গ্রহণ করতে না পারে।

০৩। ইন্সটিটিউটের কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রেও অনলাইনে আবেদন প্রক্রিয়া চালু করা হবে।

০৪। পর্যায়ক্রমে সকল সেবা কার্যক্রমকে (যেমনঃ ঘাসের কাটিং সংগ্রহ, ল্যাবরেটরিতে নমুনা বিশ্লেষণের আবেদন ইত্যাদি) ডিজিটলাইজ করা হবে।

০৫। একটি “তথ্যসেবা ও প্রযুক্তি প্রদর্শনী কেন্দ্র” স্থাপন করা হবে। এই কেন্দ্রের অধীনে পরিকল্পিত “হেল্প ডেস্ক” এর পরিবর্তে “ওয়ান স্টপ সার্ভিস” চালু করা হবে যেখানে সেবা প্রার্থীরা পরামর্শ সেবা গ্রহণের পাশাপাশি প্রযুক্তি, প্রকাশনা, ঘাসের কাটিং সংগ্রহ সহ সব ধরনের সেবা সমূহে সহজে গ্রহণ করতে পারবেন।

০৬। দাপ্তরিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সকল কর্মকর্তা/কর্মচারীকে নিজস্ব ডোমেইনভুক্ত দাপ্তরিক ই-মেইল ব্যবহারে

উৎসাহিতকরণ ও পর্যায়ক্রমে তা বাধ্যতামূলককরণ।

০৭। নিরাপত্তা ব্যবস্থা উন্নতকরণের লক্ষ্যে সকলের জন্য প্রকাশ্যে পরিচয়পত্র বহন বাধ্যতামূলক করা হবে। কর্মকর্তা, কর্মচারী ও অতিথি -এই তিন শ্রেণীর পরিচয়পত্রের সাথে তিনটি ভিন্ন রঙের ফিতা ব্যবহারের ব্যবস্থা গ্রহন করা হবে।

০৮। ই-ফাইলিং ও ই-টেন্ডারিং ব্যবস্থা চালুকরন।

০৯। পুনর্গঠিত বিএলআরআই ইনোভেশন টিম সংক্রান্ত পত্রটি প্রয়োজনীয় সংশোধন, সদস্যদের টেলিফোন/মোবাইল নাম্বার এবং ই-মেইল ঠিকানা সংযোজন পূর্বক মন্ত্রণালয়ে কপি প্রেরণের ব্যবস্থা গ্রহন করা হবে।

১০। ইনোভেশন টিমের মাসিক সভা প্রতি মাসের শেষ সপ্তাহে সদস্যদের সাথে আলোচনা সাপেক্ষে সুবিধাজনক সময়ে করা হবে।

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৬/৫/১৬

(ড. মোঃ রফিকুল ইসলাম)
সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার

অনুলিপিঃ

- ১। জনাব মোঃ লুৎফুল হক, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ২। ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৩। ড. রেজিয়া খাতুন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৪। ড. মোঃ ছাদেক আহমেদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৬। অফিস নথি।